

সাশ্রয়

নতুন হাফপ্যান্টটা মাপে বড়, এটা কেনা হয়েছে  
বড় মাপের তার জন্যে, যা হতে তার  
আরও দুবছর লেগে যাবে। এটা কেই তার মা বলে, সাশ্রয়।

সে একটা বেণ্ট খুঁজছে ওই সাশ্রয়ের ব্যাপারটা  
মাথায় রেখেই। আমি রান্নাঘরে ওরকম একটা বেণ্ট  
দেখেছি, তার এক তুতো ভাই জানায়।

রান্নাঘরে,  
নিচু কড়িকাঠ থেকে বেণ্টটা বুলছে।

সে একটা চেয়ার টেনে আনে, হাত বাড়ায়।  
সেটা তার হাতে আসে হিসহিসিয়ে, কালো আর ভারী, একটা  
সাপ,  
একটা বাজনা যা কাঁপিয়ে দেয় তার চেয়ার।

সে নিখর দাঁড়িয়ে থাকে ওখানে,  
এক নড়বড়ে পৃথিবীর কানা ঘেঁষে  
আতঙ্ক আর নগ্ন চাহিদার মধ্যে  
চেপ্টা করে ভারসাম্য রাখার

আর তার ডিলে হাফপ্যান্ট  
যবনিকার মতো খসে পড়ে তার গোড়ালিতে।

সি.পি. সুরেন্দ্রন

